

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৩৪(আগরতলা ২০।।)

সোনামুড়া, ২০ জানুয়ারি, ২০২৪

সোনামুড়ায় ৪৬তম কক্ষবরক সাল উদযাপন

সোনামুড়া টাউন হলে গতকাল মহকুমার কবি নজরুল মহাবিদ্যালয়ের উদ্যোগে ৪৬তম কক্ষবরক সাল উদযাপন উপলক্ষে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। রাজ্যের বিশিষ্ট কক্ষবরক কবি শেফালী দেববর্মা অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে আলোচনায় অৎশ নিয়ে তিনি কক্ষবরক ভাষায় কবিতা, ছোট গল্প, উপন্যাস ইত্যাদি লেখার মধ্য দিয়ে কক্ষবরক ভাষাকে সম্প্রসারণ করার কাজে সকল কক্ষবরক ভাষীদেরকে এগিয়ে আসার আহ্বান জানান। অন্যান্য অতিথিদের মধ্যে এ বিষয়ে আলোচনা করেন বিশিষ্ট সমাজসেবী দেবৰত ভট্টাচার্য, সোনামুড়া মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা এবং সোনামুড়া কবি নজরুল মহাবিদ্যালয়ের কক্ষবরক বিভাগের শিক্ষক বিধান দেববর্মা। স্বাগত ভাষণ দেন মহাবিদ্যালয়ের কক্ষবরক বিভাগের প্রধান জুলিয়াস সাঙ্গম। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি তথা মহাবিদ্যালয়ের সহকারি অধ্যক্ষ ড. সুকোমল কান্তি ঘোষ। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*